দৈনিক ইত্তেফাক

তারিখ ... পৃষ্ঠা ৭ কলাম ৭

JUL 25

# জগন্নাথ কলেজে ভাংচুর বিক্ষোভ অব্যাহত ॥ আজ শিক্ষামন্ত্রীর সাথে বৈঠক

ইত্তেফাক রিপোর্ট ॥ জগন্নাথ বিশ্ববিদ্যালয় বাস্তবায়নের দাবিতে চূড়ান্ত আন্দোলনের ৫ম দিনে গতকাল বুধবারও

(২য় পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

হয়।

## জগন্নাথ কলেজ

(প্রথম পৃষ্ঠার পর)

জগন্নাথ কলেজের ছাত্ররা ক্যাম্পাসে বিক্ষোভ প্রদর্শন ও ভাংচুর করেছে। গতকাল বেলা সাড়ে ১১টায় তিনটি ফ্যাকাল্টির বিভিন্ন বিভাগের সব ছাত্র একযোগে ক্লাস বর্জন করে বেরিয়ে পড়ে এবং বিভিন্ন বিভাগ ও ফ্যাকাল্টি ভিত্তিক বিক্ষোভ মিছিল বের করে। এসময় ছাত্ররা আর্টস ফ্যাকাল্টির কয়েকটি কক্ষ ভাংচুর করে। দুপুর ১২টায় সবগুলো মিছিল শহীদ মিনার ও ভাস্কর্য চত্বরে একত্রিত হয়ে ক্যাম্পাসের বাইরে সড়কের দিকে এগিয়ে যায়। এসময় পুলিশ কলেজের প্রধান গেইটের বাইরে কড়া অবস্থান নেয় এবং কলেজের প্রধান গেইটটি বাইরে থেকে আটকে রাখে। এতে বিশাল মিছিলটি বাধাপ্রাপ্ত হলে ক্যাম্পাসের মধ্যে বিশৃংখলা ছড়িয়ে পড়ে। পরিস্থিতি দেখে কলেজের অধ্যক্ষ আয়েশা শিরীন রহমান এবং উপাধ্যক্ষ ও বিভিন্ন বিভাগের চেয়ারম্যানগণ শহীদ মিনার প্রাঙ্গণে ছাত্রদের উদ্দেশে বক্তব্য রাখেন এবং বলেন, সরকার ছাত্রদের দাবীর ব্যাপারে সাড়া দিয়েছে। এ ব্যাপারে সরকারের শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক আজ বৃহস্পতিবার সকাল ১০টায় তাদের সঙ্গে পরিস্থিতি নিয়ে আলোচনায় বসবেন। অধ্যক্ষ আয়েশা শিরীন রহমানের আশ্বাসের প্রেক্ষিতে ছাত্ররা দুপুর সাড়ে ১২টায় ক্লাসে ফিরে যায়। এতে বিক্ষোভ আপাতত কমলেও ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে।

উল্লেখ্য, জগন্নাথ বিশ্ববিদ্যালয় বাস্তবায়নের দাবীতে দীর্ঘদিনের আন্দোলন চূড়ান্ত রূপ ধারণ করলে গত শনিবার ২০ জুলাই থেকে ক্যাম্পাসে বিক্ষোভ ছড়িয়ে পড়ে। প্রতিদিনই ক্যাম্পাসে ছাত্রদের বিক্ষোভ ভাংচুর অব্যাহত রয়েছে। গত ৫ দিনে ছাত্রদের বিক্ষোভে প্রায় অর্ধশতাধিক গাড়ী, দোকানপাট, কলেজের বিভিন্ন বিভাগ, ব্যাংক ও পার্শ্ববর্তী এলাকার বিভিন্ন স্থাপনা ক্ষতিগ্রস্ত হয়। এতে অন্তত ১৫জন আহত হয়েছে। বর্তমানে ক্যাম্পাসে পুলিশ মোতায়েন রয়েছে।